

শেখ হাসিনার দিনবদলে,
সমাজসেবা এগিয়ে চলে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
উপজেলা সমাজসেবা কার্যালয়, চিতলমারী, বাগেরহাট



স্মারক নম্বর: ৪১.০১.০১১৪.০০০.১৮.০০১.১৯.১০৩

তারিখ: ২২ বৈশাখ ১৪২৭

০৫ মে ২০২০

বিষয়: করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবিলায় সামাজিক নিরাপত্তা বেটনীর কার্যক্রম সফলভাবে সম্পাদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী বিস্তৃত করোনা ভাইরাস বাংলাদেশের অধিকাংশ জেলায় ছড়িয়ে পড়েছে। বাগেরহাট জেলাধীন চিতলমারী উপজেলায় করোনায় একজন আক্রান্ত হওয়ায় সব শ্রেণী পেশার মানুষ কর্মহীন হয়ে পড়েছে। এমতাবস্থায় সরকারের সুফলভোগীদের মাঝে সরকারী অনুদান বিশেষ করে সমাজসেবা অধিদফতরাধীন বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ও অন্যান্য সরকারি সুবিধা পৌঁছে দেওয়া প্রয়োজন। এছাড়াও চিতলমারী উপজেলা ২০১৯-২০ অর্থবছরের ৩য় কিস্তি হতে জিটুপি পদ্ধতিতে ভাতা প্রদান করার লক্ষ্যে ভাতাভোগীদের ডাটা এন্ট্রি, অনুমোদন করা প্রয়োজন। এ লক্ষ্যে উপজেলা সমাজসেবা অফিস নিয়মিত খোলা রেখে সকল কর্মচারীদের নিয়মিত উপস্থিত হওয়ার নির্দেশনা দেওয়া হলো। ইউনিয়ন সমাজকর্মীগণ যে সকল ভাতাভোগী ডাটা এন্ট্রি করে নি, তাদের বাড়িতে যেয়ে এনআইডি, মোবাইল নং সংগ্রহ করবেন এবং ভাতা প্রদানের সময় ব্যাংকে উপস্থিত থেকে ভাতাভোগীকে ভাতা গ্রহণের জন্যে প্রয়োজনীয় সহযোগিতা করবেন। এছাড়া অফিস কর্মীগণ ডাটা এন্ট্রি, ব্যাংক এ্যাডভাইস প্রস্তুতকরণ, ত্রাণ কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় ডকুমেন্টস প্রস্তুতকরণ, অসুস্থ ও মৃত ভাতাভোগীর নমিনিদের সঠিকতা যাচাই পূর্বক নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপস্থাপন ও অন্যান্য কার্যক্রম করার নির্দেশনা দেওয়া হলো। উপজেলা সমাজসেবা অফিস চিতলমারী কর্মরত কর্মচারীদের তালিকা নিম্নরূপঃ

ক্রমিক নং	কর্মচারীর নাম	পদবী	দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন	মোবাইল নং
০১	তনময় ঘরামী	অফিস সহকারী-কাম কম্পিউটার অপারেটর	অফিস	০১৭২৫-০২৩৫৯১
০২	সমর কুমার রায়	ইউনিয়ন সমাজকর্মী	হিজলা ও চরবানিয়ারী	০১৭৬২-১১৩১৩৫
০৩	খান কিছলুর রহমান	ইউনিয়ন সমাজকর্মী	চিতলমারী	০১৯৩৮-১৪৩৮৯০
০৪	শরিফা খানম	ইউনিয়ন সমাজকর্মী	কলাতলা, শিবপুর ও সন্তোষপুর	০১৭৪২-৮৮১৯৮৭
০৫	মোঃ আশিকুর রহমান	ইউনিয়ন সমাজকর্মী	বড়বাড়ীয়া	০১৭৬১৮-৬৪১৪৭
০৬	মোঃ আনিছুর রহমান	অফিস সহায়ক	অফিস	০১৯১৬-১৪০৫৫৩
০৭	মোঃ ইদ্রিস আলী	নৈশ প্রহরী	অফিস	০১৭২৫-৭১৪৯৫৬

৫-৫-২০২০

মোঃ আবু মুছা

উপজেলা সমাজসেবা অফিসার

ইমেইল:

usso.chitalmari@dss.gov.bd

উপ পরিচালক, বাগেরহাট